গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট
রাজস্ব (এসএ) শাখা

লালমনিরহাট জেলার পুরাতন মালামাল/গাছ নিলাম সংক্রান্ত জেলা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ আবু জাফর জেলা প্রশাসক
সভার তারিখ	২৬/০৭/২০২০ খ্রি.
সভার সময়	বেলা-১১.৩০ ঘটিকা।
স্থান	জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, লালমনিরহাট।
উপস্থিতি	...

ক্রমিক নং	উপস্থিত কর্মকর্তার নাম ও পদবী	স্বাক্ষর
০১	জনাব মুহ: রাশেদুল হক প্রধান, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), লালমনিরহাট	স্বাক্ষরিত
০২	জনাব মোঃ সফিউল আলম, উপ-সহকারী প্রকৌশলী, পক্ষে নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, লালমনিরহাট	স্বাক্ষরিত
০৩	জনাব জি. আর সারোয়ার, সহকারী কমিশনার(ভূমি), সদর, লালমনিরহাট	স্বাক্ষরিত
০৪	জনাব সাইয়েদা ফয়জুন্নেছা, রেভিনিউ ডেপুটি কালেক্টর, লালমনিরহাট	স্বাক্ষরিত
০৫	জনাব মোঃ নুরননবী, ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন ও নার্সারী প্রশিক্ষণ কেন্দ্র, লালমনিরহাট।	স্বাক্ষরিত

উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব) লালমনিরহাট জানান যে, লালমনিরহাট সদর উপজেলাধীন তিস্তা ইউনিয়ন ভূমি অফিসের পুরাতন অবকাঠামো নিলামে বিক্রয়ের নিমিত্ত প্রকাশ্যে নিলাম ডাক সম্পন্ন করে নিলাম সংক্রান্ত উপজেলা মিস কেস নং-০২২/২০২০ সৃজন করত: উপজেলা নির্বাহী অফিসার, লালমনিরহাট সদর, লালমনিরহাট এ কার্যালয়ে প্রেরণ করেছেন। সংশ্লিস্ট পুরাতন অবকাঠামো নিলামে বিক্রয়ের জন্য এ কার্যালয়ের ১৮ ডিসেম্বর ২০১৯ খ্রিস্টাব্দের ০৫.৪৭.৫২০০.০১৮.৩৪.০০৬.১৯.১১০৮ নং স্মারকে পুর্বানুমোদন দেয়া হয়। তিনি আরো জানান উক্ত নিলাম কেসটির দাখিলকৃত কাগজপত্রাদি পরীক্ষান্তে সঠিক পাওয়া গেছে।

সভায় উল্লিখিত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিষয়টি জনগুরুত্বপূর্ণ বিবেচনা করে উপজেলা নিলাম মিস কেস নং ০২২/২০২০ এ লালমনিরহাট সদর উপজেলাধীন তিস্তা ইউনিয়ন ভূমি অফিসের পুরাতন অবকাঠামো নিলামে বিক্রয়ের নিমিত্ত প্রকাশ্যে নিলাম ডাকে ০৪ (চার) জন ডাককারী অংশ গ্রহণ করেণ। উক্ত ০৪ (চার) জন ডাককারীর মধ্যে জনাব মো: মমিনুল ইসলাম মিঠু, পিং আব্দুল হামিদ, সাং-তিস্তা, লালমনিরহাট সদর, লালমনিরহাট এর নিলামের সর্ব্বোচ্চ দর ৩৫,৫০০/- (পঁয়ত্রিশ হাজার পাঁচশত) টাকা যা সরকারি ডাক ৩২,৯৪৩/-(বত্রিশ হাজার নয়শত তেতাল্লিশ) টাকার বেশী হওয়ায় তিনি সর্বোচ্চ ডাককারী হিসাবে চূড়ান্ত অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত : ০১। লালমনিরহাট জেলার লালমনিরহাট সদর উপজেলাধীন তিস্তা ইউনিয়ন ভূমি অফিসের পুরাতন অবকাঠামো নিলামে বিক্রয়ের সর্বোচ্চ নিলাম ডাক প্রাক্কলিত দরের চেয়ে বেশি হওয়ায় নিলাম মিস কেস নং-২২/২০২০ চূড়ান্ত অনুমোদনের নিমিত্ত রেভিনিউ ডেপুটি কালেক্টর, লালমনিরহাট প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

অত:পর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভা সমাপ্ত করা হয়।

মোঃ আবু জাফর
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.৪৭.৫২০০.০১৮.৩৪.০০৪.১৯.৩৩৩(১০)

তারিখ: ১২ শ্রাবণ ১৪২৭

২৭ জুলাই ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর

২) নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, লালমনিরহাট, ।

৩) উপজেলা নির্বাহী অফিসার, লালমনিরহাট সদর, লালমনিরহাট, ।

৪) সহকারী কমিশনার(ভূমি), সদর, লালমনিরহাট, ।

৫) সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট

৬) বিভাগীয় বন কর্মকর্তা, রংপুর, ।

৭) গোপনীয় সহকারী (অফিস), গোপনীয় শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট

৮) গোপনীয় সহকারী, রাজস্ব, জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট

সাইয়েদা ফয়জুন্নেছা
রেভিনিউ ডেপুটি কালেক্টর